# চাল-লিচুতে ভরপুর জেলার নাম দিনাজপুর

# Dinajpur- the Land of Rice and Litchi











মন্ত্রিপরিষদ বিভাগ
Cabinet Division

জেলা প্রশাসন, দিনাজপুর
District Administration, Dinajpur
www.dinajpur.gov.bd

# বাণী



**মোহাম্মদ শফিউল আলম**
**মন্ত্রিপরিষদ সচিব**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের মহাসড়কে দৃপ্তপদে এগিয়ে চলেছে বাংলাদেশ। উন্নয়নের এই পথ-পরিক্রমায় বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী ও সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে বদ্ধপরিকর। এই লক্ষ্যসমূহ অর্জনে প্রয়োজন সমন্বিত উদ্যোগ ও প্রচেষ্টা এবং দেশের প্রতিটি জেলার অর্থনৈতিক সম্ভাবনার যথাযথ বিকাশ। আর এই লক্ষ্যেই মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহায়তায় জেলা-ব্র্যান্ডিং উদ্যোগ বাস্তবায়িত হচ্ছে। জেলা-ব্র্যান্ডিং পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ জেলা-ব্র্যান্ডিং কৌশল জারি করেছে।

জেলা-ব্র্যান্ডিংয়ের একটি অন্যতম অনুষঙ্গ হলো ব্র্যান্ড-বুক। জেলা-ব্র্যান্ডিং কার্যক্রমকে দেশে-বিদেশে পরিচিত করে তুলতে ব্র্যান্ড-বুকের অত্যন্ত গুরুত্বপূর্ণ ও কার্যকর ভূমিকা রয়েছে। এটুআই প্রোগ্রামের সহায়তায় জেলা প্রশাসন, দিনাজপুর ব্র্যান্ড-বুক প্রকাশ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আশা করি জেলা-ব্র্যান্ডিং উদ্যোগ বাস্তবায়নে এই 'ব্র্যান্ড-বুক' কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে ।

জেলা ব্র্যান্ড-বুক প্রণয়নের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

।

Shafiulalam
(মোহাম্মদ শফিউল আলম)

# MESSAGE



**Mohammad Shafiul Alam**
**Cabinet Secretary**
**Government of the People's Republic of Bangladesh**

Bangladesh is pacing firmly on the highway towards development with a vision to realize Sonar Bangla, the dream of our Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman under the charismatic leadership of Sheikh Hasina, Honorable Prime Minister of Bangladesh. The country is determined to become a middle income nation by 2021 and a prosperous and developed nation by 2041 in the course of realization of the vision. Integrated efforts and initiatives along with appropriate flourishment of the economic prospects of each district are crucial for achieving the vision. In this context district branding is being implemented under the coordination of Cabinet Division with the support of the a2i program of Prime Minister's Office. The cabinet division has already issued a strategy for proper planning and implementation of district-branding.

One of the most important aspects of district-branding is the brand-book. It is an important and effective tool for showcasing district-branding at home and abroad. I am absolutely delighted to know that Office of the Deputy Commissioner, Dinajpur is going to publish a brand-book with the support of a2i program. I believe this brand-book will play a pivotal role in depicting district-branding initiatives and implementation trajectory. I would like to thank all officials concerned with the preparation of the book.

Mohammad Shafiul Alam

# বাণী



**ড. মোঃ মোজাম্মেল হক খান**
**সিনিয়র সচিব**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অপ্রতিরোধী গতিতে এগিয়ে চলেছে বাংলাদেশ। উন্নয়নের এই অগ্রযাত্রায় বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী ও সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে প্রতিশ্রুতিবদ্ধ। এই লক্ষ্যসমূহ অর্জনে প্রয়োজন বাংলাদেশের প্রতিটি অঞ্চলের অর্থনৈতিক সম্ভাবনাসমূহের যথাযথ বিকাশ। বাংলাদেশের প্রতিটি জেলার স্বতন্ত্র বৈশিষ্ট্য এবং বিভিন্ন সম্ভাবনাসমূহের যথাযথ বিকাশের লক্ষ্যে যে সমন্বিত কর্মযজ্ঞ- তা-ই মূলত জেলা -ব্র্যান্ডিং।

কোনো বিখ্যাত পণ্যের প্রসার, বিশেষ কোনো উদ্যোগের বাস্তবায়ন এবং পর্যটন শিল্পের সুচারু বিকাশে জেলা-ব্র্যান্ডিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এটুআই প্রোগ্রামের সহযোগিতায় এবং জেলা প্রশাসনের নেতৃত্বে বাংলাদেশের সকল জেলা ইতোমধ্যে তাদের ব্র্যান্ডিংয়ের বিষয় নির্ধারণ ও লোগো তৈরি করেছে। পাশাপাশি সময়াবদ্ধ পরিকল্পনা প্রণয়ন করে জেলাসমূহ ব্র্যান্ডিং কর্মপরিকল্পনা বাস্তবায়ন করছে। ব্র্যান্ডিং কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে জেলাসমূহ ব্র্যান্ডিং কার্যক্রমকে আকর্ষণীয়ভাবে তুলে ধরতে জেলা-ব্র্যান্ডবুক প্রকাশ করছে জেনে আমি আনন্দিত। আমি আশা করি জেলা-ব্র্যান্ডিং উদ্যোগের প্রচার এবং সমৃদ্ধিতে এই ব্র্যান্ড-বুক কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে।

একটি দৃষ্টিনন্দন ও তথ্যবহুল ব্র্যান্ড-বুক প্রকাশের জন্য আমি জেলা প্রশাসন, দিনাজপুর, এটুআই এবং এর সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

**(ড. মোঃ মোজাম্মেল হক খান)**

# MESSAGE



**Dr. Md. Mozammel Haque Khan**
**Senior Secretary**
**Ministry of Public Administration**
**Government of the People's Republic of Bangladesh**

Bangladesh has been moving forward in a overwhelming pace under the leadership of Honorable Prime Minister Sheikh Hasina, the daughter of Father of the Nation Bangabandhu Sheik Mujibur Rahman. In this development endervor, the present government is committed to make Bangladesh a middle income country by 2021 and a happy and prosperous country by 2041. To achieve these goals, it is necessary to unfold the economic potentials of every region of Bangladesh. District branding is an integrated effort aiming at expansion of the distinct features and potentialities of each district.

District branding can play an important role in the expansion of any famous product, implementation of special initives and the smooh development of the tourism industry. All the districts of Bangladesh have already set up their branding issuse and developed logos under the leadership of the district administration with the suport of the a2i Programme. At the same tie the districts have been implementing time bound work plan on branding. I am happy to know that the districts are publishing brand books to highlight branding activities in a smart approch. I hope this brand book will be able to play an effective role in the approcj. I hope this brand book will be able to play an effective role in the promotion and progress of district branding intiatives.

I express my sincere thanks to the district administration Dinajpur, a2i and all concerned for publishing such a beautiful and informative bran book

**(Dr. Md. Mozammel Haque Khan)**

# বাণী




**কাজী হাসান আহমেদ**
**বিভাগীয় কমিশনার**
**রংপুর বিভাগ**
**রংপুর**


মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে, এটুআই প্রোগ্রামের বর্তমান সরকারের রূপকল্প-২০২১ এবং রূপকল্প-২০৪১ বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশের প্রত্যেকটি জেলার স্বাতন্ত্র ও সম্ভাবনাকে বিকশিত করার লক্ষ্যে জেলা ব্র্যান্ডিং এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দিনাজপুর জেলার আর্থ-সামাজিক বিকাশের লক্ষ্যে কৃষি সম্ভাবনাকে ভিত্তি করে চাল ও লিচুকে উপজীব্য করে দিনাজপুর জেলার ব্র্যান্ডিং ট্যাগলাইন নির্ধারণ করা হয়েছে ‘‘চাল লিচুতে ভরপুর, জেলার নাম দিনাজপুর’’।

ব্র্যান্ডিং এর অংশ হিসেবে জেলা প্রশাসন, দিনাজপুর জেলা ব্র্যান্ডিং বুক প্রণয়ন করতে যাচ্ছে। এই প্রকাশনাটি জেলার পর্যটন শিল্পের বিকাশ, অবকাঠামোগত উন্নয়ন, পণ্য হিসেবে চাল লিচুকে পরিচিতিকরণ, স্থানীয় উদ্যোক্তা তৈরি এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে নতুন দিগন্তের সূচনা করবে বলে আমার বিশ্বাস।

জেলা ব্র্যান্ডিং এর মাধ্যমে দিনাজপুর নিজস্ব স্বকীয়তায় অনন্য হয়ে উঠুক এই প্রত্যাশা করি। জেলা ব্র্যান্ডিং বুক প্রকাশনায় জেলা প্রশাসন, দিনাজপুর ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যাঁরা নিরলস পরিশ্রম করেছেন তাঁদের প্রতি রইল আন্তরিক ধন্যবাদ।

**(কাজী হাসান আহমেদ)**

# MESSAGE



**Kazi Hasan Ahmed**
**Divisional Commissioner**
**Rangpur Division**
**Rangpur**

As the part of implementation of Vision-2021 and Vision-2041 of the current government under the supervision of the Cabinet Division and the A2I Program, district branding initiatives have been taken to develop the identity and the potentiality of each district of Bangladesh. Based on the agricultural potentiality and for the socio-economic development of Dinajpur District. The branding tagline of this district has been set to "Dinajpur-The Land of Rice and Litchi." As part of branding, District Administration, Dinajpur is going to published district Branding Book. I believe that this publication will introduce new horizons in the development of tourism industry, infrastructural development, introduction of rice and litchi as a product, creating local entrepreneurs and employment opportunities of this district. I hope that Dinajpur will be a unique district through this district branding. For publishing this Branding Book, I specially thank to the District Administration, Dinajpur and the concerned officials who have worked relentlessly.

**(Kazi Hasan Ahmed)**

# বাণী



**মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ**
**যুগ্মসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়**
**ও প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম**

বাংলাদেশের প্রতিটি জেলা এক একটি অনন্য বৈশিষ্ট্যে বৈশিষ্ট্যমন্ডিত। কোনো জেলায় রয়েছে সুপ্রাচীন ঐতিহাসিক নিদর্শন, কোথাও প্রাকৃতিক সৌন্দর্যের পসরা সাজানো, কোথাও বা লোকজ ঐতিহ্য কিংবা শিল্প সাহিত্যে সমৃদ্ধ । আবার কোনো জেলা কৃষিজ পণ্যের জন্য বিখ্যাত, কোথাও বা মজাদার কোন খাবারের জন্য সুনাম কুড়ানো। দেশের প্রতিটি জেলার এ সকল বৈশিষ্ট্যকে শুধু দেশের অভ্যন্তরেই নয়, বহিঃর্বিশ্বের কাছে তুলে ধরে আমাদের ঐতিহ্য, সমৃদ্ধি আর প্রাকৃতিক সৌন্দর্যকে বিশ্ববাসীকে জানানোর মাধ্যমে বৈদেশিক বিনিয়োগকে আকৃষ্ট করার জন্য 'জেলা-ব্র্যান্ডিং' দূরদৃষ্টি সম্পন্ন একটি উদ্যোগ ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অর্থনৈতিক ও সামাজিক সূচকে উল্লেখযোগ্য অগ্রগতি সাধনের মাধ্যমে এগিয়ে চলেছে অমিত সম্ভাবনার দেশ-বাংলাদেশ। বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে ডিজিটাল বাংলাদেশ, তথা মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী ও সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে বদ্ধপরিকর। এই রূপকল্পসমূহ অর্জনে সরকার ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। উক্ত কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশের প্রত্যেকটি জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনাসমূহকে বিকশিত করার মাধ্যমে আর্থসামাজিক উন্নয়নকে ত্বরান্বিত করতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম জেলা-ব্র্যান্ডিংয়ের উদ্যোগ গ্রহণ করেছে।

এ উদ্যোগকে সামনে এগিয়ে নিতে এবং সফল করতে প্রতিটি জেলার জেলা-ব্র্যান্ডিংয়ের সার্বিক কার্যক্রমকে চিত্তাকর্ষকভাবে উপস্থাপনের একটি অনন্য প্রয়াস হচ্ছে ব্র্যান্ড-বুক। এই ব্র্যান্ড-বুক জেলা-ব্র্যান্ডিং পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং পরবর্তীতে যাঁরা ব্র্যান্ডিংয়ের সঙ্গে সম্পৃক্ত হবেন তাঁদের জন্য জ্ঞানভান্ডার হিসেবে কাজ করবে। সেই লক্ষ্যেই জেলা কমিটিকে এই বই প্রকাশের জন্য অনুরোধ জানানো হয়েছে। বাংলার পাশাপাশি ইংরেজিতেও বিষয়সমূহ উপস্থাপনের ফলে এই বইটির ব্যবহারের পরিধি নিশ্চিতভাবে বেড়েছে।

আমি আশা করব ভবিষ্যতে এই ব্র্যান্ড-বুকের নতুন নতুন সংস্করণ প্রকাশিত হবে এবং ব্র্যান্ডিংকে দেশে-বিদেশে তুলে ধরতে তা কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে। জেলা প্রশাসন, দিনাজপুর, এটুআই এবং বিভিন্ন পর্যায়ে সংশ্লিষ্ট থেকে যাঁরা এই প্রকাশনাটি সম্পন্ন করেছেন আমি তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

**(মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ)**

# MESSAGE



**Md. Mustafizur Rahman, PAA**
**Joint Secretary**
**Prime Minister's Office**
**And Project Director, a2i.**

Each and every districts of Bangladesh possess some unique features and potentials. Some part of this land have elegant natural beauty while the other parts have historical archetypes and antiques. Some parts of this land also have abundancy in agri products with lot of fruits and crops. The folk arts and cultural heritages of this country have glorious history. All the unique features and characteristics of the very part of the country need to be flourished not only inside the country but also to the rest of the world to let everyone know about Beautiful Bangladesh and to attract Foreign Direct Investment. In this perspective district branding is a unique approach.

Bangladesh has been pacing forward with significant progress in economic and social indicators led by Honorable Prime Minister Sheikh Hasina, to build 'Sonar Bangla' the dream of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. The present government is committed to build 'Digital Bangladesh' by 2021 and a happy and prosperous country by 2041. To realize these visions, the government has taken up massive programs. As part of these programs to accelerate the momentum of development, the initiative of 'District Branding' has been undertaken by the a2i program of the Prime Minister's Office.

Brand-Book is a unique effort to impressively demonstrate the overall activities of district branding. This book will serve as a knowledge base for planning and implementing district-branding and for those who will be associated with this initiative later. For this reason, the district committee has been requested to publish this document. Bilingual feature of this book has certainly added extra advantage regarding its use. I expect, new editions of this book will be published in future and will play a crucial role in showcasing district branding at home and abroad.

My heartfelt thanks go to District Administration, Dinajpur, a2i and all who contributed to this significant publication.

**(Md. Mustafizur Rahman, PAA)**

# মুখবন্ধ



**ড. আবু নঈম মুহাম্মদ আবদুছ ছবুর**
**জেলা প্রশাসক, দিনাজপুর**

অপার সম্ভাবনাময় দিনাজপুর জেলার ইতিহাস আমাদের সবারই জানা। পূণর্ভবা নদীর তীর ঘেঁষে এই জেলাটি বাংলাদেশের উত্তর জনপদে অবস্থিত। বাংলাদেশের উত্তরাঞ্চলের সবচেয়ে বড় জেলা দিনাজপুর। মহান মুক্তিযুদ্ধে দিনাজপুর ছিল ৬ ও ৭ নং সেক্টরের অধীনে। এর রয়েছে গৌরবজ্জ্বল ইতিহাস। ৪টি বধ্যভূমি, ৭টি গণকবর ও ৫টি স্মৃতিস্তম্ভ প্রমাণ করে এ জেলার মুক্তিযুদ্ধের ইতিহাস যতটাই গৌরবজ্জ্বল ততটাই মর্মস্পর্শী। অনেক আগে থেকেই পর্যটন নগরী হিসেবে এ জেলার বেশ সুনাম রয়েছে। রামসাগর, কান্তজিউ মন্দির, স্বপ্নপুরী ও গোর-এ-শহীদ বড় ময়দান ঈদগাহ মিনার এর মত বিখ্যাত কিছু দর্শনীয় স্থান রয়েছে এ জেলায়। ১৭৮৬ সালে সর্বপ্রথম দিনাজপুর জেলা ২২ টি থানা নিয়ে গঠিত হয়। বর্তমানে ১৩টি উপজেলা, ৯টি পৌরসভা, ১০৩ টি ইউনিয়ন, ১৯২৬ টি মৌজা ও ২১৩১ টি গ্রাম নিয়ে দিনাজপুর জেলা গঠিত যার মোট আয়তন ৩,৪৪৪.৩০ বর্গ কিলোমিটার। বরেন্দ্রভূমি ও গৌড় জনপদের কৃষ্টি-কালচার, ইতিহাস-ঐতিহ্য, সংস্কার-সংস্কৃতিতে গড়ে ওঠা দিনাজপুর জেলার ভৌগোলিক সীমানা অনেক বিস্তৃত। দিনাজপুরবাসীর আর্থিক কর্মকাণ্ড আবর্তিত হয় মূলত কৃষি পণ্যকে ঘিরেই। সুগন্ধি চাল, ভুট্টা, আলু, আম, লিচু ইতোমধ্যে দিনাজপুরকে বিশেষায়িত করে তুলেছে। গড়ে উঠেছে চাতাল ও চাল কল শিল্প। এক কথায় বলা যেতে পারে দিনাজপুর শস্য-পণ্য উৎপাদন, উদ্ভাবন, পর্যটন, লোকজ ঐতিহ্য সমৃদ্ধ জেলা। জেলা ব্র্যান্ডিং-এ অন্তর্ভুক্ত করার মত পর্যটন, উদ্ভাবন, বিশেষ উদ্যোগ এ জেলায় বিদ্যমান।

একটি স্থানকে বিশেষভাবে চিনতে ও জানতে তার জনপ্রিয় পণ্যই যথেষ্ট। দিনাজপুরের মাটি ও আবহাওয়া চাল এবং লিচুর জন্য এতটাই উর্বর যে, সারা দেশে এমনকি বিদেশেও এর প্রচুর চাহিদা রয়েছে। লিচু মৌসুমে দিনাজপুরের লিচু না খেলে যেমন তৃপ্তি মেটেনা, ঠিক তেমনি যে কোন অনুষ্ঠানে সুগন্ধি কাটারিভোগ চাল ছাড়া মেহমানদারি হয়না। প্রচুর সম্ভাবনাময় এ জেলায় ধান ও লিচুর চাষ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাই চাল ও লিচুকে দিনাজপুর জেলার পণ্য ব্র্যান্ডিং হিসেবে বেছে নেয়া হয়েছে।

ইতোমধ্যে জেলা ব্র্যান্ডিং কে সামনে রেখে সভা, সেমিনার, কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এ পণ্যসমূহের গুণগত মান কিভাবে বৃদ্ধি করা যায় তা নিয়ে কৃষি বিভাগ কাজ করে যাচ্ছে। চাষীদের নিয়ে নিয়মিত বৈঠকের মাধ্যমে কৃষি বিষয়ক পরামর্শ প্রদান করা হচ্ছে। শুধু চাল ও লিচুর নামের ব্র্যান্ডিং নয়, বরং তার গুণগত মানকেও ব্রান্ডিং এর আওতায় এনে দিনাজপুর জেলাকে তুলে ধরার প্রয়াসে ব্র্যান্ড বইটি তৈরি করা হয়েছে। আশা করছি এ বইটির মাধ্যমে পাঠক দিনাজপুর জেলা ও পণ্য হিসেবে চাল এবং লিচু সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন। প্রথম প্রকাশনা হিসেবে ভুলত্রুটি থাকাটা স্বাভাবিক। পরবর্তী প্রকাশনায় এটি আরও সমৃদ্ধ হবে বলে আশা করছি। অনন্য কীর্তি হিসেবে এ প্রকাশনাটি সবার অন্তরে গেঁথে যাক সে প্রত্যাশা আমাদের সকলের। জেলা ব্র্যান্ডিং বইটি প্রকাশে যাঁরা সময়, শ্রম, মেধা খরচ করেছেন, তাঁদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। বিশেষ করে জেলা প্রশাসনের কর্মকর্তা, কর্মচারীগণ, যারা এই ব্র্যান্ড বইটি প্রকাশে আমাদের সার্বিক সহযোগিতা করেছেন।

**(ড. আবু নঈম মুহাম্মদ আবদুছ ছবুর)**

# PREFACE



D. Abu Noim Muhammad Abdus Sobur
Deputy Commissioner
Dinajpur.

The most potential history of Dinajpur district is known to all of us. This district is located in the northern janapada of Bangladesh, along the bank of Punarbhaba. Dinajpur is the largest district in the northern Bangladesh. During the liberation war Dinajpur was under Sector 6 and 7. It has glorious history. 4 mass killing grounds, 7 mass graves and 5 memorials prove that the history of the Liberation War in this district is glorious and heart touching as well . From long ago, this district has a great reputation as a tourist city. In this district there are some famous places like Ramsagar, Kantaji Temple, Sapnapuri and Gore Shaheed Baro Maidan Eidgah Minar. In 1786, Dinajpur district was first formed with 22 thanas. At present, this district consists of 13 upazilas, 9 municipalities, 103 unions, 1926 mouzas and 2131 villages, with a total area of 3,444.30 sq km.

The geographical boundaries of Dinajpur district which grew up in the culture and history of the Varendra Tract and GaurJanaPath are very broad. Financial activities of Dinajpura are rotated mainly around agricultural commodities. Especially the perfumed rice, corn, potato, mango, litchi have already made Dinajpur special. The rice mill industries have been developed. In one word it can be said that Dinajpur is the district of crop production, innovations, tourism, folk heritage. Tourism, innovation, special enterprises, etc. are included in the branding of this district.

Its popular product is enough to know a place specially. The soil of Dinajpur and its weather are so fertile for rice and litchi that it has huge demand in the country even abroad. In litchi season, if we do not eat litchi we cannot satisfy ourselves and at the same time without perfumed katharibhog rice, our hospitability is not completed. Paddy and litchi cultivation are increasing day by day in very promising districts. Therefore, district branding has been selected rice and litchi as branding product of Dinajpur district.

Meanwhile, meeting, seminar, workshops has been held for district branding. The Department of Agriculture has been working regularly to improve the quality of these products. Agriculture related advice is being provided through regular meetings with farmers. In all, our branding book has been created not only for the brand name of rice and litchi but also to highlight the quality of these products and this book has also been made in the attempt to highlight Dinajpur district.

Hopefully through this book, the readers will know about Dinajpur district and its products such as rice and litchi.

It is hoped that it will be more enriched in the next publication. We hope that, this publication will remain forever in our mind as a unique feature. I express my gratitude to those who spent time, labor and talent in publishing the district branding book. In particular, the district administration officials, employees, agriculture department and co-workers who have made our overall cooperation in publishing this brand book.

(D. Abu Noim Muhammad Abdus Sobur )

চাল-লিচুতে ভরপুর
জেলার নাম দিনাজপুর

# Dinajpur- the Land of Rice and Litchi



মন্ত্রিপরিষদ বিভাগ
Cabinet Division

জেলা প্রশাসন, দিনাজপুর
District Administration, Dinajpur
www.dinajpur.gov.bd

| | | |
|---|---|---|
| দিক নির্দেশনায় | : | একসেস টু ইনফরমেশন (এটুআই)<br>প্রোগ্রাম প্রধানমন্ত্রীর কার্যালয় |
| সার্বিক তত্ত্বাবধানে | : | মন্ত্রিপরিষদ বিভাগ |
| প্রকাশনায় | : | জেলা প্রশাসন, দিনাজপুর |
| প্রকাশকাল | : | জুন, ২০১৮ |
| পৃষ্ঠপোষকতা ও<br>সার্বিক নির্দেশনায় | : | ড. আবু নঈম মুহাম্মদ আবদুছ ছবুর<br>জেলা প্রশাসক, দিনাজপুর |
| সম্পাদনায় | : | ড. মোহাম্মদ শহীদ হোসেন চৌধুরী<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), দিনাজপুর |
| বিশেষ কৃতজ্ঞতায় | : | জনাব মীর খায়রুল আলম<br>সাবেক জেলা প্রশাসক, দিনাজপুর |
| সম্পাদনা সহযোগিতায় | : | মো. রাহিনুর ইসলাম, অধ্যক্ষ,<br>দিনাজপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, দিনাজপুর |
| সহযোগিতায় | : | উপপরিচালক<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর<br>আসফ-উদ-দৌলা<br>সাবেক জেলা কালচারাল অফিসার, দিনাজপুর |
| ছবি | : | রাহিনুর ইসলাম, দিনাজপুর-৩৬০ (ফেসবুক পেইজ), মোসাদ্দেক |
| গ্রাফিক্স ডিজাইন | : | তাজেদুর রহমান মানিক,<br>প্রশিক্ষক (খন্ডকালীন), গ্রাফিক্স ডিজাইন,<br>দিনাজপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ০১৭১২৪৯১৭৩৩ |
| মুদ্রণ | : | মুন্না প্রিন্টিং প্রেস, ফকিরাপুল, ঢাকা। |
| অনুবাদক | : | নিখিল চন্দ্র রায়<br>অমিত দাস<br>সহকারী শিক্ষক, ইংরেজি<br>দিনাজপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, দিনাজপুর |
| গ্রন্থস্বত্ব | : | জেলা প্রশাসন, দিনাজপুর<br>সর্বস্বত্ব সংরক্ষিত। প্রকাশকের লিখিত<br>পূর্বানুমতি ছাড়া এ পুস্তকের কোন অংশ<br>কোনভাবে পুনর্মুদ্রণ করা যাবে না। |

| | | |
|---|---|---|
| Directed by | : | Access to Information (a2i) Programme<br>Prime Minister's Office |
| Overall supervision | : | Cabinet Division |
| Published by | : | District Administration, Dinajpur. |
| Date of Publishing | : | June, 2018 |
| Patronization & Direction | : | Dr. Abu Noim Muhammad Abdus Sobur<br>Deputy Commissioner, Dinajpur |
| Editor | : | Dr. Mohammad Shaheed Hossain Chowdhury<br>Additional Deputy Commissioner (General), Dinajpur |
| Special Thanks | : | Mr. Mir Khairul Alam<br>Former Deputy Commissioner, Dinajpur |
| Co-Editor | : | Md. Rahinur Islam, Principal<br>Dinajpur Collectorate School and College, Dinajpur |
| Associated by | : | Deputy Director<br>Department of Agriculture Extention, Dinajpur<br>Asaf-Ud-Daula<br>Former District Cultural Officer, Dinajpur |
| Photo | : | Rahinur Islam, Dinajpur 360 (Facebook Page), Mosaddek |
| Graphic Design | : | Tajedur Rahman Manik,<br>Trainer (Part Time), Graphic Design<br>Dinajpur Technical Training Center, 01712491733 |
| Printing | : | Munna Printing press, Fokirapul, Dhaka |
| Translator | : | Nikhil Chandra Roy<br>Amit Das<br>Assistant Teacher, English<br>Dinajpur Collectorate School and College, Dinajpur |
| | | |
|---|---|---|
| Copyright | : | District Administration, Dinajpur<br>All rights reserved. Reprinting or copying any part of this book in any form without prior written permission of the publisher is stricly prohibited. |

# দিনাজপুর

চাল-লিচুতে ভরপুর জেলার নাম দিনাজপুর

# বাণী



**মূখ্য সচিব**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

একটি জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনাসমূহকে বিকশিত করার মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নই জেলা-ব্র্যান্ডিংয়ের মূল অভিলক্ষ্য। জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনা বিকাশের বহুবিধ ক্ষেত্র রয়েছে যেমন: পর্যটন, পণ্য, ইতিহাস-ঐতিহ্য বা কোনো জনমুখী উদ্যোগ। জেলা-ব্র্যান্ডিং জেলার ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতির সংরক্ষণ ও চর্চা, পর্যটন শিল্পের বিকাশ, এক জেলা এক পণ্য কর্মসূচির বাস্তবায়নে সহায়তা প্রদান এবং জেলার ভৌগোলিক নির্দেশক পণ্য চিহ্নিতকরণ এবং তা সংরক্ষণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সামগ্রিক বিবেচনায় বলা যায় ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারের রূপকল্প বাস্তবায়নে সহায়তা প্রদানই জেলা-ব্র্যান্ডিংয়ের অন্যতম উদ্দেশ্য।

পর্যটনের সঙ্গে জেলা-ব্র্যান্ডিংয়ের নিবিড় সম্পর্ক রয়েছে। বাংলাদেশের পর্যটন সম্ভাবনার বিকাশে জেলা-ব্র্যান্ডিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এই লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ পর্যটন করপোরেশন, বাংলাদেশ ট্যুরিজম বোর্ডসহ সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি সংস্থাসমূহ একযোগে কাজ করতে পারে। প্রধানমন্ত্রীর কার্যালয়ও সব ধরণের সহায়তা দিতে পারে।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহায়তায় বাংলাদেশের সকল জেলা ইতোমধ্যে তাদের ব্র্যান্ডিংয়ের বিষয় নির্ধারণ, লোগো তৈরি এবং ত্রিবার্ষিক বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করেছে। জেলা-ব্র্যান্ডিংকে দেশে-বিদেশে পরিচিত করে তুলতে জেলাসমূহ যে বিস্তৃত উদ্যোগ গ্রহণ করেছে তার মধ্যে একটি হলো ব্র্যান্ড-বুক প্রকাশনা। ব্র্যান্ড-বুকের পরবর্তী সংস্করণসমূহের জন্য এটি যেমন ভিত্তি হিসেবে কাজ করবে, তেমনি জেলা-ব্র্যান্ডিংয়ের ইতিহাসে একটি উল্লেখযোগ্য দলিল হিসেবেও স্বীকৃত হবে।

একটি তথ্যসমৃদ্ধ ও নান্দনিক ব্র্যান্ড-বুক তৈরির জন্য আমি জেলা প্রশাসন, দিনাজপুর, এটুআই এবং উক্ত প্রকাশনার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই এবং জেলা-ব্র্যান্ডিং কাজের সার্বিক সাফল্য কামনা করি।

**(মোঃ নজিবুর রহমান)**

# MESSAGE



**Md. Nojibur Rahman**
**Principal Secretary**
**Prime Minister's office**
**Govt. of the People's Republic of Bangladesh**

The mission of district branding is to achieve socio economic development through promoting the uniqueness and the potentials of each district. The districts have diverse potentials such as tourist sites, commercial products, famous foods, history and tradition as well as peoples' welfare-centric initiatives. District branding plays an important role in safeguarding and fostering history, tradition and culture of the districts, developing tourism industry, implementing 'one district one product' programme and identifying and preserving the geographical indications (GIs). One of the main objectives of district branding is to provide support in realizing the vision of the present government to become a middle income country by 2021 and a prosperous and developed nation by 2041.

District-branding is closely linked with tourism. This initiative can play an important role in unleashing the potentials of tourism in Bangladesh. In this regard, all government and non-government organizations, including Cabinet Division, Ministry of Public Administration, Ministry of Civil Aviation and Tourism, Ministry of Cultural Affairs, Bangladesh Parjatan Corporation, Bangladesh Tourism Board can work together. The Prime Minister's Office can also provide all-out support.

All the districts have already selected their branding areas, developed logos and three-year work plan with the support of the a2i program of the Prime Minister's Office. One of the important initiatives of the district to promote district branding at home and abroad is the publication of Brand Book. This document will be a foundation for the future editions and at the same time will also be treated as a landmark publication in the history of district-branding.

I congratulate District Administration Dinajpur, a2i and all concerned for publishing such an impressive and informative Brand Book and wish the district branding initiative all the success.

**(Md. Nojibur Rahman)**

## History of the district In relation to tradition, culture and values with Branding:

Having the trace of Nawabi rule and company governance, the boundaries of Dinajpur district have been changed many times, which were built in the ancient Varendra Tract and GaurJanapath. In the last 1984, the boundary of current Dinajpur was determined by doing segregation of Thakurgaon and Panchagarh sub-division. According to experts, the soil of Dinajpur is closely related to the soils of millions of years old ancient places such as the small Nagpur, Bindhya mountain of India. Geographical locaton has made the people of the district affiliated with the soil. The means of earning is directly dependent on agricultural products. Especially the cultivation of perfumed rice regulates the economy of the district. Total paddy (Aus, Aman, Boro) has been planted in the year 2015-2014, 4,420,220 ha of land, and the production of rice is 15,03,387 MT. The employment of population of this district depends on the agricultural product. Besides, due to the quality of soil, lichi cultivation is good in this district. Litchi has been cultivated in 4,770 hectares of land in 2015-2016. The availability of nitrogen bonding and the co-existence of the symbiotic has differentiated the soil of this district from another district, which is suitable for litchi cultivation. Litchi cultivation is deeply embedded in the people of this district that Masimpur, Awalipur, Ulipur, Ghughudanga, Kasba, Hamzapur of Sadar upazila of Dinajpur district have already been known as Lichupoli. Around the litchi cultivation, massive employment was created through seasonal traders. It can be said that agricultural products are built with the existence of the people of this district. In addition to offering courtesy gifts, the people of this district prefer perfumed rice and litchi. Therefore, the effect of the products of this district as a medium of living and income-earning is undeniable. So the products described in the district branding have reasonably been strong in the consciousness of the people. Efforts are being made to make district branding successful by ensuring greater awareness among the people of this region by increasing awareness about branding products.

## জেলা ব্র্যান্ডিং বাস্তবায়নে গৃহীত কার্যক্রম:

জেলা ব্র্যান্ডিং বাস্তবায়নের নিমিত্ত জেলা প্রশাসন দিনাজপুর বহুমুখী কার্যক্রম হাতে নিয়েছে। যেমন:

* এ জেলার জনসাধারণের সাথে সমন্বয় করে ব্র্যান্ডিং পণ্য নির্ধারণ ও লোগো প্রস্তুতের কাজ সম্পন্ন করা হয়েছে।
* জেলা ব্র্যান্ডিং সম্পর্কে স্পষ্ট ধারণা প্রদানের উদ্দেশ্যে শিক্ষা প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানে সভা-সেমিনারের আয়োজন করা হয়েছে।
* নতুন প্রজন্মের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ছাত্র-ছাত্রীদের নিয়ে বিতর্ক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
* ব্র্যান্ডিং কার্যক্রম ফলপ্রসূ করার জন্য জেলার সকল দপ্তর প্রধানদের নিয়ে নিয়মিত ফিডব্যাক ও ফলোআপ মিটিং করা হয়।
* ব্র্যান্ডিং পণ্য উৎপাদনে সংশ্লিষ্ট কর্মকর্তা ও ব্যক্তিবর্গকে উৎপাদন কার্যক্রমে নিবিড়ভাবে জড়িত করার জন্য উৎসাহ প্রদান করা হচ্ছে।
* উৎপাদন কার্যক্রম বৃদ্ধির জন্য স্থানীয়ভাবে প্রতিবন্ধকতাসমূহ দূর করার চেষ্টা করা হচ্ছে।

## জেলা-ব্র্যান্ডিং কার্যক্রমে জেলার সর্বস্তরের মানুষকে সম্পৃক্তকরণ:

ক) জেলা প্রশাসন কর্তৃক ব্র্যান্ডিং কার্যক্রম তদারকির জন্য সংশ্লিষ্ট দপ্তরের প্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিবর্গ ও সাংবাদিক বৃন্দের সমন্বয়ে একটি কমিটি গঠন।

খ) জন প্রতিনিধিগণ কর্তৃক জেলা ব্র্যান্ডিং সম্পর্কে তৃণমূল শিক্ষক ও শিক্ষার্থীদের সাথে মতবিনিময়।

গ) সাংবাদিকগণকে সাধারণ জনগণের মাঝে ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার মাধ্যমে জেলা ব্র্যান্ডিং এর সুফল সম্পর্কে প্রচারনায় সম্পৃক্তকরণ।

ঘ) বিভিন্ন সভা-সেমিনার, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির মাসিক সভার মাধ্যমে জনগণকে জেলা ব্র্যান্ডিং সম্পর্কে ধারণা প্রদান।

## Procedure to implement District Branding:

For the implementation of district branding, District Administration Dinajpur has taken multicultural work. Such as:

* The work of preparing branding products and preparing logos has been done by coordinating with the people of this district.
* For organizing a clear idea about district branding, meetings and seminars have been organized in other organizations including educational institutions.
* In order to increase the awareness among the new generation, the students have organized a debate.
* Regular feedback and follow-up meetings are held with all the heads of the district headquarters to make branding work fruitful.
* Encouragement is being given to engage closely in the production process for the production of branding products of the concerned officials and individuals.
* Attempts have been made to eliminate the obstacles locally for the increase in production activities.

## District-branding work involving people from all over the district.

A) Making a committee comprising representatives of the concerned office, political person and journalist for the supervision of branding work by the district administration.

B) Communication with teachers and students it grss-root level of the district.

C) The involvement of journalists in propagating the benefits of district branding through electronic and print media among the general public.

D) Provide information about district branding to the people through a monthly meeting of various management departments of the school.

## জেলা-ব্র্যান্ডিং বাস্তবায়নে চ্যালেঞ্জ ও চ্যালেঞ্জ উত্তরণের উপায়:

### ক ) কার্যক্রম বাস্তবায়নের চ্যালেঞ্জ

* অপর্যাপ্ত বরাদ্দ
* অনুন্নত অবকাঠামো
* অনুন্নত যোগাযোগ ব্যবস্থা
* পুঁজি সংকট
* ন্যায্য মজুরির অভাব
* পণ্যের উপযুক্ত মূল্য না পাওয়া
* মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম
* সমন্বয়কারি প্রতিষ্ঠানের অভাব
* সরকারি আনুকূল্য না পাওয়া
* ব্যাংক ও অর্থ লগ্নিকারী প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে সহজ শর্তে ঋণ না পাওয়া
* সরাসরি বিদেশে পণ্য  রপ্তানি করার সুযোগ না পাওয়া
* জেলা ব্র্যান্ডিং সম্পর্কে জনসাধারণের অসচেতনতা।

### খ) চ্যালেঞ্জ উত্তরণের উপায়

* স্থানীয় পৃষ্ঠপোষকতা
* সংশ্লিষ্ট দপ্তর ও স্থানীয় সরকারকে সম্পৃক্তকরণ
* স্থানীয় জন-প্রতিনিধি ও সংশ্লিষ্ট দপ্তরকে সম্পৃক্তকরণ
* ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার মাধ্যমে জেলা ব্র্যান্ডিং সম্পর্কে ব্যাপক প্রচারণা।

## The way to overcome challenge and challenges in implementing district-branding:

A) Challenges of implementation of action

* Insufficient allocation of fund
* Underdeveloped infrastructure
* Underdeveloped  communication
* Capital crisis
* Lack of fair wages
* Non availability of the appropriate price of the product
* Influence of middlemen
* Lack of co-ordinating organization
* Do not get government patronization
* There is no easy loan from banks and money-lending institutions
* Never get the opportunity to export products in abroad
* Public awareness about district branding

B) The way to overcome the challenge

* Local patronization
* Associate departments and local government involvement
* Involving Local Representatives and relevant departments
* Extensive campaign for district branding through electronic and print media

## ব্র্যান্ডিংয়ের অবদান (অর্থনৈতিক, সামাজিক ও অন্যান্য):

অর্থনৈতিক ভাবে ব্রান্ডিংয়ের অবদান সুদূরপ্রসারী। জেলা ব্র্যান্ডিং এর মাধ্যমে জেলার জনসাধারণ অর্থনৈতিক উন্নয়ন সম্প্রসারণে ভুমিকা রাখবে। ভবিষ্যত প্রজন্ম এবং শিক্ষার্থীরা শেকড়ের সন্ধান পাবে ও তাদের মধ্যে দেশ প্রেম উজ্জীবিত হবে। স্থানীয় শক্তি-সম্পদ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পাবে। অন্যান্য জেলার সাথে তুলনা করে নিজের জেলার স্বতন্ত্র অবস্থান নির্ণয়ে সচেষ্ট হবে। তাছাড়া দেশের জাতীয় অর্থনীতিতে এজেলার ভূমিকা জনসাধারণের নিকট উপস্থাপনে জেলা ব্র্যান্ডিং অনন্য ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

## কাঙ্খিত ফলাফল:

দিনাজপুর জেলাকে ব্র্যান্ডিং এর ক্ষেত্রে কাঠারিভোগ চাল এবং লিচুকে মূল লক্ষ্য স্থিরের জন্য সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করা হবে।

## জেলা-ব্র্যান্ডিং বাস্তবায়ন কর্মপরিকল্পনা

জেলা ব্র্যান্ডিং বাস্তবায়নের জন্য তিন বছর মেয়াদি নিম্নোক্ত কর্ম-পরিকল্পনা অনুসরণ করা হবে।

স্বল্প মেয়াদি: ০৬ মাস

মধ্যমেয়াদি: ০১ বছর ০৬ মাস

দীর্ঘমেয়াদি: ৩ বছর।

## Branding contribution (economic, social and others):

Their contributions are economically sophisticated. Through district branding, the district people will play an important role in the expansion. The future generations and students will find the roots and the love of the country will be ignited among them.

Local energy –

Awareness about wealth will increase. Comparing with other districts, it will try to determine the location of own district. Besides, district branding will play an important role in presenting the role of this district in the national economy of the country.

## Desired Results:

In the case of branding of Dinajpur district, proper planning will be taken to set up the main aims of the purpose of kataribhog rice and litchi.

## District-Branding Implementation Action Plan

The implementation of District Branding will be followed by a three-year action plan.

Short term: 06 months

Medium Term: 01 years 06 months

Long-term: 3 years.

# জেলা ব্র্যান্ডিং বাস্তবায়ন কর্মপরিকল্পনা

* জেলা ব্র্যান্ডিং বাস্তবায়নের জন্য তিন বছর মেয়াদি নিম্নোক্ত কর্ম-পরিকল্পনা অনুসরণ করা হবে।
* স্বল্প মেয়াদি : ০৬ মাস
* মধ্য মেয়াদি : ০১ বছর ০৬ মাস
* দীর্ঘ মেয়াদি: ৩ বছর।

## কর্ম-পরিকল্পনার ছক

| নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | দায়িত্বপ্রাপ্ত কমিটি | সময়সীমা | সহায়তাকারী | মেয়াদ |
|---|---|---|---|---|---|---|
| ১ | মত বিনিময় সভা এবং ব্র্যান্ডিং এর বিষয় নির্দিষ্টকরণ | মত বিনিময় অনুষ্ঠিত এবং বিষয় নির্ধারিত | জেলা কমিটি | অনুষ্ঠানের জন্য সময় নির্ধারণ করতে হবে | জেলা সংশ্লিষ্ট বিশিষ্টজন | স্বল্প মেয়াদী |
| ২ | একজন ফোকাল পয়েন্ট নির্ধারণ এবং কমিটি, উপ-কমিটি গঠন এবং দায়িত্ব বিভাজন | ফোকাল পয়েন্ট ও বিভিন্ন কমিটি ও উপ-কমিটি গঠন করা হবে | জেলা কমিটি | জুন-২০১৭ | - | স্বল্প মেয়াদী |
| ৩ | নাম, লোগো ও ট্যাগ লাইন নির্ধারণ | চিহ্নিত করতে হবে | সংশ্লিষ্ট কমিটি | জুন-২০১৭ | জেলার সকল অংশীদার | স্বল্প মেয়াদী |
| ৪ | উদ্দেশ্য ও কাঙ্খিত ফলাফল নির্ধারণ | উদ্দেশ্য ও কাঙ্খিত ফলাফল নির্ধারণ | সংশ্লিষ্ট কমিটি | জুন-২০১৭ | জেলার সকল অংশীদার | স্বল্প মেয়াদী |
| ৫ | পণ্যের বর্তমান উদ্যোক্তা, বাজার, অবকাঠামো ও অন্যান্য বিষয় সম্পর্কে প্রাথমিক গবেষণা | - | সংশ্লিষ্ট কমিটি | জুন-২০১৭ | জেলার সকল অংশীদার | স্বল্প মেয়াদী |
| ৬ | সময়াবদ্ধ পরিকল্পনা প্রণয়ন | কার্যক্রম চলমান | সংশ্লিষ্ট কমিটি | জুন-২০১৭ | জেলার সকল অংশীদার | স্বল্প মেয়াদী |
| ৭ | জেলার ইতিহাস ও ভৌগলিক পণ্য ব্র্যান্ডিং এর সাথে সম্পৃক্তিকরণ | - | চলমান | চলমান | জেলার সকল অংশীদার | স্বল্প মেয়াদী |
| ৮ | সম্ভাব্য বাজার বিশ্লেষণ | বিশ্লেষণ প্রতিবেদন | সংশ্লিষ্ট কমিটি | জুন-২০১৭ | জেলার সকল অংশীদার | স্বল্প মেয়াদী |
| ৯ | প্রচার | প্রচারের জন্য উদ্যোগ গ্রহণ | সংশ্লিষ্ট কমিটি | চলমান | মিডিয়া | স্বল্প মেয়াদী |
| ১০ | ব্র্যান্ডিং বুক প্রণয়ন | চলমান | সংশ্লিষ্ট কমিটি | চলমান | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | দীর্ঘ মেয়াদী |

# Work Planning Table

| No | Activities | Performance index | Responsible committee | Time limit | supporter | Expiration |
|---|---|---|---|---|---|---|
| 1 | Meeting and specify the subject of Branding | holding meeting and determined subject | District Committee | The time for the ceremony will be set | District Specialist | Short term |
| 2 | Formation of a focal point, committee and distributing responsibilities | Focal points and different committee and sub-committees will be formed | District Committee | June -2017 | - | Short term |
| 3 | Identify the name, logo and tag line | To be identified | Related Committee | June -2017 | All the partners in the district | Short term |
| 4 | Determination of purpose and desired outcome | Determination of purpose and desired outcome | Related Committee | June -2017 | All the partners in the district | Short term |
| 5 | Initial research on the current entrepreneur market, infrastructure and other issues of the product | - | Related Committee | June -2017 | All the partners in the district | Short term |
| 6 | Timely formulated plan | continuous activity | Related Committee | June -2017 | All the partners in the district | Short term |
| 7 | association with the history and geographical product of the 7 district | - | continued | continued | All the partners in the district | Short term |
| 8 | Possible analysis of market | analysis report | Related Committee | June- 2017 | All the partners in the district | Short term |
| 9 | publicity | Take initiative for publicity | Related Committee | continued | media | Short term |
| 10 | Formulation of Branding Book | continue | Related Committee | continued | Designated person | Short term |

# কর্ম পরিকল্পনার ছক

| নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | দায়িত্বপ্রাপ্ত কমিটি | সময়সীমা | সহায়তাকারী | মেয়াদ |
|---|---|---|---|---|---|---|
| ১১ | পরিকল্পনা বাস্তবায়ন | দায়িত্ব অনুযায়ী কর্ম বন্টন | সংশ্লিষ্ট কমিটি | চলমান | জেলার সকল স্তরের জনগণ | স্বল্প মেয়াদী |
| ১২ | বিভিন্ন উপ-কমিটি গঠন | চলমান | জেলা কমিটি | জুন-২০১৭ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ | স্বল্প মেয়াদী |
| ১৩ | উদ্যোক্তাদের সম্মেলন আয়োজন | চলমান | জেলা কমিটি | নভেম্বর-২০১৭ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ | স্বল্প মেয়াদী |
| ১৪ | জেলা ব্র্যান্ডিং উৎসব | চলমান | জেলা কমিটি ও উপ-কমিটি | জানুয়ারি/১৮ | জেলার সকল অংশীদার | মধ্য মেয়াদী |
| ১৫ | উদ্যোক্তাদের তালিকা তৈরি | চলমান | জেলা কমিটি | সেপ্টেম্বর/১৮ | জেলার সকল অংশীদার | স্বল্প মেয়াদী |
| ১৬ | জেলার ওয়েব পোর্টাল ও সোস্যাল মিডিয়ার মাধ্যমে প্রচারণা | প্রচারণা চলমান | প্রচারণা উপকমিটি | চলমান | জেলার সকল অংশীদার | মধ্য মেয়াদী |
| ১৭ | প্রচার সংক্রান্ত উপকরণ প্রস্তুত (পোষ্টার,লিফলেট, বুকলেট) | প্রস্তুতকৃত উপকরণ | জেলা কমিটি | জুলাই-২০১৭ | জেলার সকল অংশীদার | স্বল্প মেয়াদী |
| ১৮ | স্থানীয় ক্যাবল নেটওয়ার্কে বিজ্ঞাপন | বিজ্ঞাপন প্রচার | জেলা কমিটি | চলমান | জেলার সকল অংশীদার | স্বল্প মেয়াদী |
| ১৯ | জাতীয় ও স্থানীয় পত্রিকায় সচিত্র প্রতিবেদন প্রকাশ | চলমান | জেলা কমিটি | চলমান | জেলার সকল অংশীদার | মধ্য মেয়াদী |
| ২০ | জেলা ব্র্যান্ডিং কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে তত্ত্বাবধায়ক কমিটি গঠন | চলমান | জেলা কমিটি | জুলাই-২০১৭ | জেলার সকল অংশীদার | স্বল্প মেয়াদী |
| ২১ | বাস্তবায়ন তদারকি ও পরিবীক্ষণ | মূল্যায়ন প্রতিবেদন | সংশ্লিষ্ট কমিটি | চলমান | জেলার সকল অংশীদার | দীর্ঘ মেয়াদী |
| ২২ | অগ্রগতি মূল্যায়ন | প্রতিবেদন পস্তুত ও উপস্থাপন | সংশ্লিষ্ট কমিটি | চলমান | জেলার সকল অংশীদার | দীর্ঘ মেয়াদী |

# Work Planning Table

| No | Activities | Performance index | Responsible committee | Time limit | supporter | Expiration |
|---|---|---|---|---|---|---|
| 11 | Implementation of the plan | Assignment of tasks according to duty | Related Committee | continue | People of all levels of the district | Short term |
| 12 | Formation of different sub-committee | continued | District Committee | June-2017 | Designated person | Short term |
| 13 | Organizer's conference | continued | District Committee | November 2017 | Designated person | Short term |
| 14 | District branding festival | continued | District Committee and sub-committee | January-2018 | All the partners in the district | Mid-term |
| 15 | List of entrepreneurs | continued | District Committee | September-2018 | All the partners in the district | Short term |
| 16 | Campaign through the district web portal andsocial media | ongoing campaign | ongoing sub committee | continue | All the partners in the district | midterm |
| 17 | Preparation of promotion related materials (posters, leaflets, booklets) | Prepared materials | District Committee | July-2017 | All the partners in the district | Short term |
| 18 | advertisements on the local cable network | Advertising Publicity | District Committee | continue | All the partners in the district | Short term |
| 19 | Spectacularreport published in national and local newspapers | continued | District Committee | continue | All the partners in the district | midterm |
| 20 | Formation of caretaker committee for the smooth functioning of district branding work | continued | District Committee | July- 2017 | All the partners in the district | Short term |
| 21 | Implementation Monitoring | Evaluation report | related Committee | continue | All the partners in the district | Long term |
| 22 | Progress evaluation | Prepare and present the report | related Committee | continue | All the partners in the district | Long term |




## পর্যটন মোটেল ভবন

বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের একটি আঞ্চলিক ইউনিট হিসেবে ১৯৯৮ সালে দিনাজপুর উপশহর এলাকায় পর্যটন মোটেল এন্ড রেস্টুরেন্টটি নির্মিত হয়। এখানে ১৮টি এসি রুম, ৫০ আসন বিশিষ্ট রেঁস্তোরা, ৩৮০ আসন বিশিষ্ট কনফারেন্স রুম, আধুনিক ক্যাপসুল লিফ্‌ট রয়েছে। মনোরম ফুলের বাগানসহ গাড়ি পার্কিং এর পর্যাপ্ত সুবিধা এখানে আছে।

রাষ্ট্রীয় অতিথিগণের আবাসনসহ স্থানীয়সহ দেশী-বিদেশী হয় অতিথিদের থাকার ব্যবস্থা করা হয়। বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে যেমন, বিয়ে, বিবাহোত্তর বৌ-ভাত, জন্মবার্ষিকী ইত্যাদি উপলক্ষ্যে কনফারেন্স রুমটি ভাড়া দেয়া হয়।

## Parjatan Motel Buildding of Dinajpur

**As a regional unit of Bangladesh Tourism Corporation, Parjatan Motel and Restaurant was built in 1998 in the Dinajpur Upashahar area. There are 18 AC rooms, 50 seat restaurants, 380 seats conference rooms, modern capsule lifts. There are an attractive flower garden and adequate facilities for car parking Arrangements are made to accommodate guests including locals and foreigners. Conference rooms are rented on different social occasions such as the wedding reception, birth anniversary etc.**

# দিনাজপুর জেলা সদরে অবস্থিত বিভিন্ন রেস্ট হাউসের বিবরণঃ

| ক্র: নং | রেস্ট হাউসের নাম | এসি সিঙ্গেল বেড | এসি ডাবল বেড | নরমাল সিঙ্গেল বেড | নরমাল ডাবল বেড | ডরমেটরী | যোগাযোগ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | সার্কিট হাউস | ০৩ টি | ০৫ টি | -- | -- | -- | ০১৭৫৫৫৬৭৭৫৭ (এন.ডি.সি)<br>০৫৩১-৬৩১১২<br>প্রটোকর নাজির ০১৫৫০০২৯৮২৫ | ০২ টি সিঙ্গেল বেড এসি কক্ষ ভি.ভি.আই.পি এবং অবশিষ্ট ০৬ টি ভি.আই.পি কক্ষ |
| ০২. | জেলা পরিষদ | ০৫ টি | ০২ টি | -- | -- | -- | প্রশাসক-<br>আজিজুল ইমাম চৌধুরী ০১৭১২৯২৯১৬১<br>সহকারী ০১৭২০৪৩৬২১৮<br>(কেয়ার টেকার) টুটুল ০১৭১৮৫১২৪৯৭<br>০১৮৬৬৯৭৭২২২ | |
| ০৩. | গণপূর্ত (পি.ডব্লিউ.ডি) | ০১ টি | ০২ টি | -- | -- | -- | (ex en Sir)০১৭১৭০১৭৩৬৪<br>(S.D.E) ০১৭১৭৪৪৮৯১৩<br>(কেয়ার টেকার) জামাল ০১৭১৯৯২৩০০১ | রুম বুক দিতে হলে ex en মহোদয়ের সাথে যোগাযোগ করতে হয় |
| ০৪. | পানি উন্নয়ন বোর্ড | ০২ টি | ০২ টি | -- | -- | -- | (ex en Sir) ০১৭১২২৯১০৮৮<br>(উপঃসহঃপ্রকৌঃ) ০১৭১৫০৩৪৯৪৫<br>কেয়ার টেকার ,আজাহার ০১৭৫০২৮৯৫৫৪ | রুম বুক দিতে হলে ex en মহোদয়ের সাথে যোগাযোগ করতে হয় |
| ০৫. | এলজিইডি | ০২ টি | ০১ টি | -- | -- | -- | (ex en Sir) ০১৭১১০৭০৬৭৫<br>(কেয়ারটেকার) সাজেদুর ০১৭৮৩৬৬৫৪৫৯<br>(সহঃ প্রকৌঃ) ০১৭১৬১৪০৩১০ | |
| ০৬. | এফপিএবি | -- | ০৪ টি | -- | -- | ৪ টি | পরিচালক ০১৭১৫৬৭২৪৫৬<br>সুপার ভাইজার মুন্না ০১৭৮৫৯৭৭৬২৫ | |
| ০৭. | সড়ক ও জনপথ | -- | ০১ টি | -- | ০১ টি | -- | (ex en Sir) ০১৭৩০৭৮২৭৪৫<br>( কেয়ার টেকার) রাজু ০১৯১৩৬৬৫৬৯৭ | |
| ০৮. | তৈয়বা মজুমদার রেড ক্রিসেন্ট রক্ত কেন্দ্র | ০৭ টি | ০২ টি | -- | -- | -- | (ম্যানেজার) ০১৭১২৪৩৮৬০৩ | |
| ০৯. | পল্লী শ্রী | -- | ০৬ টি | ০৫ টি | ০৩ টি | ০৪ টি | ম্যানেজার, আবুল কাসেম<br>০১৭৩০০২৫৪৮৯ | |
| ১০. | এমবিএসকে | ০৩ টি | ০১ টি | -- | ০২ টি | ০৪ টি | প্রধান নির্বাহী কর্মকর্তা ০১৭১২৬৩৯২৫৯<br>০১৭১১৩৬৬৭৯৯<br>(ট্রেনিং ইনচার্জ) ০১৭১১৩৬৬৭৯৯ | |
| ১১. | বাংলাদেশ পর্যটন কর্পোরেশন | ০৪ টি | ১৪ টি | -- | -- | -- | ম্যানেজার, আলী আজম ০১৭১২৬৪৪৮৪২ | |
| ১২. | ব্র্যাক | ০১ টি | ০৩ টি | | ৫০ টি | -- | অফিস সহকারী সাইদুর ০১৭৫১০৪০৭৩১<br>০১৭৩০০৩৮০৯২<br>ম্যানেজার রাহাত ০১৭৩০৩৫১১১৫ | |
| ১৩. | রামসাগর | | ০১ টি | | ৩ টি | | ০৫৩১-৬৫৫৫৮ তুহিন ০১৭১২০২৩০১১ | |
| ১৪. | হোটেল আল রশিদ | | | | | | ০১৭১৬৫৩৫৯৫৭ | |

# Description of Rest Houses of Dinajpur Sadar

| SL No. | Name of Rest House | A/C Single Bed | A/C Double Bed | Normal Single Bed | Normal Double Bed | Dormetory | Contact | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | Circuit House | 03 | 05 | -- | -- | -- | 01755567757 (NDC)<br>0531-63112<br>Protocor Nazir 01550029825 | 2 Single Bed, A/C Room V.VIP and<br>Balance 6 VIP |
| 02. | Zilla Parishad | 05 | 02 | -- | -- | -- | Administrator<br>Azizul Imam Chy- 01712929161<br>Assistant 01720436218<br>(Care Taker) Tutul 01718512497<br>01866977222 | |
| 03. | Ganaurta<br>(PWD) | 01 | 02 | -- | -- | -- | (Xen-Sir) 01717017364<br>(S.D.E) 01717448913<br>(Care Taker) Jamal 01719923001 | Please Contact with Xen- Sir for Room Booking |
| 04. | Water Dev. Board | 02 | 02 | -- | -- | -- | (Xen - Sir) 01712291088<br>(Sub Asst Engineer) 01715034945<br>(Care Tacker) Azahar 01750289554 | Please Contact with Xen- Sir for Room Booking |
| 05. | LGED | 02 | 01 | -- | -- | -- | (Xen-Sir) 01711070675<br>(Care Taker) Sajedur 01783665459<br>(Asst Engineer) 01716140310 | |
| 06. | F.P.A.B | -- | 04 | -- | -- | 4 | Director 01715672456<br>Supervisor (Munna) 01785977625 | |
| 07. | Roads & Heighway | -- | 01 | -- | 01 | -- | (Xen-Sir) 01730782745<br>(Care Taker) Raju01913665697 | |
| 08. | Tayaba Majumdar<br>Red Crst. Blood Center | 07 | 02 | -- | -- | -- | (Manager) 01712438603 | |
| 09. | Palli Sree | -- | 06 | 05 | 03 | 04 | Manager, Abul Kashem<br>01730025489 | |
| 10. | MBSK | 03 | 01 | -- | 02 | 04 | Head Executive 01712639259<br>01711366799<br>(Training In-Charg) 01711366799 | |
| 11. | Bangladesh Parjatan Carporation | 04 | 14 | -- | -- | -- | Manager, Ali Azam01712644842 | |
| 12. | Brack | 01 | 03 | | 50 | -- | Office Asst. Saidur 01751040731<br>01730038092<br>Manager, Rahat 01730351115 | |
| 13. | Ramsagar | | 01 | | 3 | | 0531-65558 Tuhin 01712023011 | |
| 14. | Hotel Al Rashid | | | | | | 01716535957 | |



## দিনাজপুর জেলার যোগাযোগ

দিনাজপুর জেলার যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত ভাল। সমতল ভূমি হওয়ায় এখানে সড়ক যোগাযোগ ব্যবস্থা উন্নত হয়েছে। ঢাকার সাথে রেলপথ ও সড়কপথে যোগাযোগ রয়েছে। তাছাড়া মাত্র ৪০ কিঃমিঃ দূরে সৈয়দপুর বিমানবন্দর অবস্থিত হওয়ায় ঢাকার সাথে আকাশ পথেও এ জেলার যোগাযোগ অত্যন্ত সহজ।

দিনাজপুর থেকে ঢাকার দূরত্ব ৩৪০ কিলোমিটার। সড়ক পথ ফুলবাড়ী, বিরামপুর, গোবিন্দগঞ্জ হয়ে এবং সৈয়দপুর, রংপুর হয়েও ঢাকা যাওয়া যায়। বাস ভাড়া প্রতি সিটে এসি বাসের ১ হাজার টাকা, সাধারণ বাসের ৬০০ টাকা। রেল পথের দূরত্ব ৪৯০ কিলোমিটার এবং এসি বাথ ভাড়া ১৪০০ টাকা, প্রথম শ্রেণির ভাড়া ৬৮০ টাকা, শোভন চেয়ার ৪৩০ টাকা, সাধারণ ভাড়া ৩৬০ টাকা। তাছাড়া দিনাজপুর হতে ৪০ কিলোমিটার দূরে সৈয়দপুর বিমানবন্দর হয়ে বিমান পথে ঢাকা যাওয়া যায়। সপ্তাহে দুই দিন শনি ও সোমবার বিমানে সিট প্রতি ৫ হাজার টাকা ভাড়া। দিনাজপুরে কোন নৌ-পথ নেই। দু'একটি নদীর ঘাটে নৌকা দিয়ে পারাপার হওয়া যায়।

| প্রতিষ্ঠানের নাম | রাস্তার দৈর্ঘ্য কিলোমিটার | মন্তব্য |
|---|---|---|
| সড়ক ও জনপথ | ২৩৮.০৮৪ | নিজস্ব |
| এল জি ই ডি | ১৪৯৩৯.০০ | ব্যবস্থাপনায় |
| রেলপথ | ১৪৭.০০ | নিজস্ব |
| জেলা পরিষদের সড়ক পথ | ৬০৬.০০ | নিজস্ব |
| নৌ-পথ | ০ | ০ |


দিনাজপুর সদর ও বিরল উপজেলার খয়েরবন ঘাট







## Communication of Dinajpur district

The communication system of Dinajpur is very good. Being a plain land, road communication has improved here. We can communicate with Dhaka on the railway and road. Apart from this, the communication with Dhaka from Dinajpur is very eazy as Saidpur Airport is situated only 40 .km away from Dinajpur


The distance of Dinajpur from Dhaka is 340 km. By road, we can reach Dhaka via Phulbari, Birampur and Gaibandha. We can use another route via Saidpur and Rangpur. The fare of buses is 1000 tk. for AC seat and 600 tk. for Non –AC seat. The distance of rail routes is 490 km and the fare is 1400 tk. for AC Bath, 680 tk. for first class, 430 tk. for Shovon Chair and 360 tk. for general seat. Apart from this, we can go to Dhaka by plane from Saidpur Airport. Twice a week on Saturday and Monday we can go to Dhaka by plane and the fare is 5000 tk. .per seat. There is no naval route. People can cross the rivers by using boat


| Name of Institution | length of roads (km) | remarks |
|---|---|---|
| roads and highways | 238.084 | own managment |
| LGED | 14939.00 | own managment |
| Rail route | 147.00 | own |
| The roads of district council | 606.00 | own |
| Navel route | 0 | 0 |


## জেলার ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি ও মূল্যবোধকে ব্রান্ডিং এ সম্পৃক্তকরণ:


প্রাচীন বরেন্দ্রভূমি ও গৌড় জনপদের স্পর্শে গড়ে উঠা দিনাজপুর জেলা, নবাবী শাসন ও কোম্পানী শাসনের চিহ্ন বুকে নিয়ে জেলার সীমানা পরিবর্তীত হয়েছে বহুবার। সর্বশেষ ১৯৮৪ সালে ঠাকুরগাঁও ও পঞ্চগড় মহকুমা পৃথকীকরণের মাধ্যমে বর্তমান দিনাজপুরের সীমানা নির্ধারিত হয়েছে। বিশেষজ্ঞদের মতে, ভারতের ছোট নাগপুর, বিন্ধ্যা পর্বত প্রভৃতি লাখ লাখ বছরের প্রাচীন স্থানগুলোর মৃত্তিকার সমগোত্রীয় দিনাজপুরের মাটি। ভৌগলিক অবস্থান এ জেলার মানুষকে মৃত্তিকা সংলগ্ন করে তুলেছে। আয় উপার্জনের মাধ্যম হিসাবে এ জেলার মানুষ কৃষিজ পণ্যের উপর সরাসরি নির্ভরশীল। বিশেষ করে কৃষিজ পণ্যের মধ্যে সুগন্ধি চালের আবাদ এ জেলার অর্থনীতিকে নিয়ন্ত্রন করে। ২০১৫-১৬ অর্থ বছরে মোট ধানের (আউশ, আমন, বোরো ) আবাদ হয়েছে ৪,৪২,২০২ হেক্টর জমি, এবং উৎপাদিত ধানের পরিমাণ ১৫,০৩,৩৮৭ মে:টন। বিপুল জনসংখ্যার এ জেলার কর্মসংস্থান কৃষি পণ্যের উপর নির্ভর করে। তাছাড়া মাটির গুনগতমানের কারণে এ জেলায় লিচুর চাষ ভাল হয়। ২০১৫-২০১৬ সালে দিনাজপুর জেলার ৪,৭৭০ হেক্টর জমিতে লিচুর চাষ হয়েছে। নাইট্রোজেন সংবন্ধনকারী অনুজীবের সহজপ্রাপ্যতা ও মিথজীবীর সহাবস্থান অন্য জেলার মাটি থেকে এ জেলাকে পৃথক করেছে, যা লিচু চাষের জন্য উপযোগী। লিচু চাষ এ জেলার মানুষের মধ্যে এমনভাবে গেঁথে আছে যে, দিনাজপুর জেলার সদর উপজেলার মাশিমপুর, আউলিয়াপুর, উলিপুর, ঘুঘুডাংগা, কসবা, হামজাপুর ইতোমধ্যে লিচুপল্লী নামে পরিচিতি লাভ করেছে। লিচু চাষকে ঘিরে এ জেলায় মৌসুমী ব্যবসায়ীদের মাধ্যমে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি হয়। বলা যায়, কৃষিজপণ্য এ জেলার মানুষের অস্তিত্বের সাথে গেঁথে আছে। সৌজন্যমূলক উপহার দেওয়ার ক্ষেত্রেও এই জেলাবাসী সুগন্ধি চাল ও লিচুকে প্রাধান্য দেয়। সুতরাং এ জেলার জীবন-জীবিকা ও আয়-উপার্জনের মাধ্যম হিসাবে বর্ণিত পণ্যের প্রভাব অনস্বীকার্য। তাই জেলা ব্র্যান্ডিং-এ বর্ণিত পণ্যসমূহ এজেলার মানুষের চেতনায় যৌক্তিকভাবে শক্ত অবস্থান করে নিয়েছে। এ অঞ্চলের মানুষের মধ্যে ব্রান্ডিং পণ্য সম্পর্কে সচেতনতা বাড়িয়ে গণ সম্পৃক্ততা নিশ্চিত করণের মাধ্যমে জেলা ব্রান্ডিংকে সফল করে তোলার প্রচেষ্টা অব্যাহত রয়েছে।


# জেলা প্রশাসন, দিনাজপুর এর প্রকাশনাসমূহ






# জেলা প্রশাসন, দিনাজপুর এর প্রকাশনাসমূহ

